

**REGIONAL NEWS UNIT**  
**ALL INDIA RADIO, AGARTALA**  
**Date : 19-05-2026**  
**Time: 07.35-07.40 AM Hrs**  
**BENGALI MORNING BULLETIN**

---

**Census-Dhalai :**

২০২৭ সালের ভারতের জনগণনাকে কেন্দ্র করে গতকাল ধলাই জেলার জেলাশাসকের কার্যালয়ে ৩ দিনের প্রশিক্ষণ শিবির শুরু হয়েছে। সেন্সাস অপারেশন এর অধিকর্তা রতন বিশ্বাস জানান প্রথম পর্বের গণনা শুরু হবে আগামী পয়লা আগস্ট থেকে। এই পর্বে হাউজ লিস্টিং ও হাউসিং সেন্সাস করা হবে। তাছাড়া নাগরিকরা মোবাইল অ্যাপসের মাধ্যমেও নিজেদের নাম নথিভুক্ত করতে পারবেন জুলাই মাসের ১৭ তারিখ থেকে ৩০ তারিখের মধ্যে। জেলাশাসক বিবেক এইচ.বি জানান সেন্সাস প্রক্রিয়া যেন নিখুঁতভাবে সম্পন্ন হয় তার জন্য এই প্রশিক্ষণের আয়োজন করা হয়েছে।

\*\*\*\*\*

**Courtesy Meet Governor :**

রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাল্লু গতকাল নয়া দিল্লিতে রাষ্ট্রপতি ভবনে রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মুর সঙ্গে সৌজন্য সাক্ষাৎকারে মিলিত হন। উল্লেখ্য রাজ্যপাল এর আগে নয়াদিল্লিতে প্রতিরক্ষামন্ত্রী রাজনাথ সিংহের সঙ্গেও সাক্ষাৎ করেছিলেন।

\*\*\*\*\*

**PM :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী এবং নরওয়ের প্রধানমন্ত্রী জোনাস গর স্টোর অসলোতে সীমিত এবং প্রতিনিধি-পর্যায়ের বৈঠক করেছেন। দুই নেতা ভারত-নরওয়ে সম্পর্কে একটি 'গ্রিন স্ট্র্যাটেজিক পার্টনারশিপ-এ উন্নীত

করতে সম্মত হয়েছেন, যা পরিচ্ছন্ন জ্বালানি, নীল অর্থনীতি এবং সবুজ রূপান্তরের ক্ষেত্রে সহযোগিতা বৃদ্ধির একটি গুরুত্বপূর্ণ মাইলফলক।

বৈঠক চলাকালীন, দুই নেতাই দ্বিপাক্ষিক সম্পর্ক নিয়ে পর্যালোচনা করেন। পরে যৌথ সাংবাদিক সম্মেলনে উভয় নেতাই ভারত-ইএফটিএ বাণিজ্য ও অর্থনৈতিক অংশীদারিত্ব চুক্তির ফলে বাণিজ্য, প্রযুক্তিগত সহযোগিতা এবং কর্মসংস্থান সৃষ্টির ক্ষেত্রে তৈরি হওয়া বিপুল সুযোগের কথা উল্লেখ করেন।

#####Byte-PM#####

\*\*\*\*\*

### **Summer Camp-Postponed :**

বিদ্যালয় শিক্ষা দপ্তরের উদ্যোগে আজ থেকে রাজ্যের সমস্ত বিদ্যালয়ে প্রস্তাবিত ভারতীয় ভাষা সামার ক্যাম্প আপাততঃ স্থগিত রাখা হয়েছে। সরকারী ব্যয় কমানোর জন্য রাজ্য সরকার কতৃক গৃহীত ব্যয়সংকোচ ব্যবস্থার কারণেই এই ক্যাম্প স্থগিত রাখা হয়েছে। ক্যাম্পের সংশোধিত সময়সূচি পরবর্তী সময়ে জানানো হবে বলে বিদ্যালয় শিক্ষা দপ্তরের এক বিজ্ঞপ্তিতে জানানো হয়েছে।

\*\*\*\*\*

### **Maan Ki Baat :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামী ৩১শে মে, রবিবার সকাল ১১টায় আকাশবাণীর ‘মন-কি-বাত’ অনুষ্ঠানে দেশ-বিদেশের জনগনের সঙ্গে মতবিনিময় করবেন। এটি হবে ‘মন-কি-বাত’-এর ১৩৪ তম পর্ব। প্রধানমন্ত্রী জনগনকে তাদের সুচিন্তিত চিন্তাভাবনা ‘মন-কি-বাত’-এ জানানোর আহ্বান জানিয়েছেন। my gov open forum-এ এবং Narendra Modi App-এ জনগণ তাদের মতামত পাঠাতে পারবেন। এছাড়াও TOLL FREE NO. ১৮০০-১১-৭৮০০ নম্বরে কল করে হিন্দি বা ইংরেজিতে মতামত রেকর্ড করানো যাবে। তাছাড়া ১৯২২ নম্বরে মিসড কল দিয়ে

যে লিঙ্ক পাওয়া যাবে তাতেও মতামত জানানো যাবে। ফোনলাইন এমাসের ২৯ তারিখ পর্যন্ত খোলা থাকবে।

\*\*\*\*\*

### **Jan Bhagidari Abhiyan :**

ধলাই জেলা প্রশাসনের উদ্যোগে জনজাতীয় গরিমা উৎসব ২০২৬ উপলক্ষে প্রধানমন্ত্রী জন ভাগীদারী অভিযান “সবসে দূর সবসে পেহেলে” গতকাল থেকে শুরু হয়েছে। এই অভিযানের অঙ্গ হিসাবে আগামী ২৫শে মে পর্যন্ত ধলাই জেলার ৮টি ব্লক এলাকার ৪০টি স্থানে এই প্রশাসনিক শিবির অনুষ্ঠিত হবে।

এদিকে কাঞ্চনপুর মহকুমা প্রশাসনের উদ্যোগেও 'জন ভাগীদারী-সবসে দূর, সবসে পেহেলে' কর্মসূচির আওতায় ধরতি আবা জনজাতীয় গ্রাম উৎকর্ষ অভিযান-এর অন্তর্ভুক্ত বিভিন্ন এলাকায় ১৮ মে থেকে ২৫ মে পর্যন্ত বিশেষ প্রশাসনিক প্রচারাভিযান ও সচেতনতামূলক শিবিরের আয়োজন করা হয়েছে।

\*\*\*\*\*

### **Administrative Camp :**

দক্ষিণ জেলা আইনসেবা কতৃপক্ষের উদ্যোগে গতকাল জোলাইবাড়ি ব্লকের উঁচুইবাড়ি হাইস্কুলে অনুষ্ঠিত প্রশাসনিক শিবিরের উদ্বোধন করেন দক্ষিণ জেলা দায়রা আদালতের বিচারক গোবিন্দ দাস। শিবিরে মহকুমা প্রশাসনের তরফে PRTC, Income Certificate, SC/ST Certificate প্রদান করা হয়।

\*\*\*\*\*

### **Cremation Of Former Minister :**

পূর্ণ রাষ্ট্রীয় মর্যাদায় গতকাল ধর্মনগরে প্রয়াত ত্রিপুরার প্রাক্তন প্রতিমন্ত্রী কালীদাস দত্তের অন্ত্যেষ্টিক্রিয়া সম্পন্ন করা হয়। ত্রিপুরা পুলিশ ও টি.এস.আর-এর উদ্যোগে প্রয়াত প্রতিমন্ত্রীর প্রতি গানস্যালুট দেওয়া হয়।

উল্লেখ্য গত রবিবার প্রতিমন্ত্রী কালীদাস দত্ত তাঁর ধর্মনগরের নয়াপাড়াস্থিত নিজ বাসভবনে শেষ নিঃশ্বাস ত্যাগ করেন।

\*\*\*\*\*

### **Yuva Sangam Phase VI :**

শিক্ষা মন্ত্রক ‘এক ভারত শ্রেষ্ঠ ভারত’ উদ্যোগের অধীনে ষষ্ঠ পর্যায়ের ‘যুব সঙ্গম’-এর আয়োজন করছে। যার উদ্দেশ্য হলো দেশের বিভিন্ন রাজ্য ও কেন্দ্রশাসিত অঞ্চলের যুবকদের মধ্যে পারস্পরিক যোগাযোগ সুদৃঢ় করা এবং সাংস্কৃতিক সংহতি বৃদ্ধি করা। এই কর্মসূচির অঙ্গ হিসাবে হরিয়ানার এন.আই.টি কুরুক্ষেত্র থেকে একটি যুবা দল আগামী ২১শে মে থেকে ২৭শে মে পর্যন্ত এন.আই.টি আগরতলায় অবস্থান করবেন। অনুরূপভাবে এন.আই.টি আগরতলা থেকে একটি যুবা দল হরিয়ানার এন.আই.টি কুরুক্ষেত্রে আগামী দোসরা জুন থেকে ৮ই জুন পর্যন্ত অবস্থান করবেন।

\*\*\*\*\*

### **Weather :**

আগামী ২৪ ঘন্টায় সবকটি জেলায় ভারী বৃষ্টিপাত সহ ৪০ থেকে ৫০ কিলোমিটার বেগে ঝড়ো হাওয়ার সতর্কতা জারি করেছে আবহাওয়া দপ্তর। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ৩৩ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকতে পারে। আগরতলায় আজ ভোরে দিনের সর্বনিম্ন তাপমাত্রা ছিল ২৫.৯ ডিগ্রি সেলসিয়াস। সকাল সাড়ে ৫টা পর্যন্ত বৃষ্টিপাতের পরিমাণ ১৬.৪ মিলিমিটার।

\*\*\*\*\*